

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৪০৮ [আন্তর্জাতিক নম্বরঃ ২৫৭৮]

৪৩/ হিবা (উপহার) প্রদান (كتاب الهبة وفضلها والتحريض عليها)

পরিচ্ছেদঃ ১৬১১. হাদিয়া গ্রহণ করা

باب قبول الهدية

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا غُنْدَرٌ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، قَالَ سَمِعْتُهُ مِنْهُ، عَنْ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ - رَضِيَ اللَّهُ عَنْهَا - أَنَّهَا أَرَادَتْ أَنْ تَشْتَرِيَ بَرِيرَةَ، وَأَنَّهُمْ اشْتَرَطُوا وَلَاءَهَا، فَذَكَرَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " اشْتَرِيهَا فَأَعْتِقِيهَا، فَإِنَّمَا الْوَلَاءُ لِمَنْ أَعْتَقَ ". وَأُهْدِيَ لَهَا لَحْمٌ، فَقِيلَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا تُصَدِّقَ عَلَى بَرِيرَةَ. فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " هُوَ لَهَا صَدَقَةٌ وَلَنَا هَدِيَّةٌ ". وَخَبِرْتُ. قَالَ عَبْدُ الرَّحْمَنِ زَوْجُهَا حُرٌّ أَوْ عَبْدٌ قَالَ شُعْبَةُ سَأَلْتُ عَبْدَ الرَّحْمَنِ عَنْ زَوْجِهَا. قَالَ لَا أَدْرِي أَحُرٌّ أَمْ عَبْدٌ

বাংলা

২৪০৮। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... 'আয়িশা (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বারীরা (রাঃ)-কে (আযাদ করার উদ্দেশ্যে) খরিদ করার ইচ্ছা করলেও তার মালিক পক্ষ ওয়ালার শর্তারোপ করল। তখন বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে আলোচিত হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি তাকে খরিদ করে আযাদ করে দাও। কেননা যে আযাদ করবে, সেই ওয়ালার লাভ করবে। 'আয়িশা (রাঃ) এর জন্য কিছু মাংস হাদিয়া পাঠানো হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলা হল যে, এ মাংস বারীরকে সাদকা করা হয়েছিল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এটা তার জন্য সাদকা আর আমাদের জন্য হাদিয়া। তাকে (বারীরকে তার স্বামীর ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার) ইখতিয়ার দেওয়া হল। (রাবী) আবদুর রাহমান (রহঃ) বলেন, তার স্বামী তখন আযাদ কিংবা গোলাম ছিল? শু'বা (রহঃ) বলেন, পরে আমি আবদুর রহমান (রহঃ) কে তার স্বামী সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, আমি জানিনা, সে আযাদ ছিল না গোলাম ছিল।

English

Narrated `Aisha:

I intended to buy Buraira but her masters stipulated that her Wala should be for them. When the Prophet was told about it, he said to me, "Buy and manumit her, as the Wala' is for the liberator." Once Buraira was given some meat, and the Prophet (ﷺ) asked, "What is this?" I said, "It has been given to Buraira in charity." He said, "It is sadaqa for her but a gift for us." Buraira was given the option (to stay with her husband or to part with him). `Abdur-Rahman (a sub-narrator) wondered, "Was her husband a slave or a free man?" Shu`ba (another sub-narrator) said, "I asked `Abdur-Rahman whether her husband was a slave or a free man. He replied that he did not know whether he was a slave or a free man."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=2492>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন